মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

স্মারকনং-বশিবো/বিনি/২০১৫/০২(৪র্থ খন্ড)/ ৬৬১ তারিখঃ ১৭/০৬/২০১৫

বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি পঠন বাধ্যতামূলক)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এইমর্মে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নবম শ্রেণির শিক্ষার্থীদের (২০১৭ সালের এসএসসি পরীক্ষার্থী) নিবন্ধন প্রক্রিয়া On line এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নরূপঃ

০১। দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ন শিক্ষার্থীরা মাধ্যমিক পর্যায়ে যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ/কারিগরি/মাদরাসা) ৯ম শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

০২। বাংলাদেশ আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৫২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৫ সালে নবম শ্রেণিতে ভর্তির জন্য জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ন হতে হবে। জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে নিবন্ধন করতে পারবে।

০৩। নির্ধারিত তারিখের পর নিবন্ধনের প্রস্তাব বা টিটি গ্রহণ করা হবে না।

০৪। On line এ তথ্য প্রেরণের সময় বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন পত্র/পাঠদানের অনুমতি পত্র ও টিটি রশিদের কপি স্ক্যানিং করে eSIF এর নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে। উল্লেখ্য স্বীকৃতি নবায়ন/পাঠদানের অনুমতির মেয়াদ ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত নবায়ন থাকতে হবে। যে সকল বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রক্রিয়াধীন তাদের প্রমানপত্র থাকতে হবে।

০৫। মানবিক বিভাগ ব্যতিত অন্য কোন বিভাগের অনুমতি/বিশেষ অনুমতি /নির্ধারিত ফি দিয়ে অনুমতির জন্য আবেদন না থাকলে ঐ সকল বিভাগের শিক্ষার্থীদের তথ্য On line এ প্রেরণ করা যাবে না।

০৬। কোন বিভাগের নির্ধারিত বিষয় ব্যতিত অন্য কোন ঐচ্ছিক বিষয় যথাঃ কৃষি/গার্হস্থ্য/বেসিক ট্রেড ইত্যাদি বিষয় থাকলে অথবা এ সকল বিষয় গ্রহণ করতে চাইলে তা পাঠদানের অনুমতিপত্র/বিশেষ অনুমতিপত্র/অনুমতির জন্য আবেদন জমা দেওয়া না থাকলে এ সকল বিষয়ের ছাত্র/ছাত্রীদের তথ্য On line প্রেরণ করা যাবে না।

০৭। জেলা / উপজেলার সকল বালিকা ও সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের নিকট হতে আদায়কৃত গার্ল গাইড ফিসের অর্থ সংশ্লিষ্ঠ জেলা শিক্ষা অফিসের আওতাধীন গার্ল গাইডস তহবিলে জমা দিয়ে রশিদের কপি এবং গার্ল গাইডস রেজিষ্ট্রেশন ফিসের টাকা ডিডির মাধ্যমে বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন, বরিশাল অঞ্চল বরাবর জমা দিয়ে পরিশোধের কপি ই-মেইলে প্রেরণ করতে হবে (sscesif@gmail.com) ।

০৮। জেলা ও উপজেলা স্কাউট ফি সংশ্লিষ্ট জেলায় ও উপজেলায় জমাদিয়ে রশিদের কপি এবং বিশ্ব স্কাউট ফি (বিদ্যালয় প্রতি) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের বরাবর পরিশোধ করে পরিশোধের রশিদ স্কানিং করে eSIF এর নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে।

০৯। রেড ক্রিসেন্ট ফি বাবদ ৯ম ও ১০ ম শ্রেণীতে (১০+১০)=২০/- টাকা হারে (শিক্ষার্থী প্রতি) এককালীন আদায় করতে হবে। আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

১০। বিভাগওয়ারী রোলের ধারাবাহিকতা রক্ষা করতে হবে এবং কোন বিদ্যালয়ে যদি একাধিক শাখা থাকে তবে "ক" শাখায় ১-৫০ পর্যন্ত রোল নম্বর থাকলে "খ" শাখায় ৫১ থেকে শুরু করতে হবে (কোন বিভাগে একই রোল ২ বার ব্যবহার করা যাবে না)।

১১। On line তথ্য প্রেরণকারী শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষা পাশের Academic Transcript এর মূলকপি বিদ্যালয়ের প্রাধান শিক্ষকের নিকট সংরক্ষিত থাকবে। কোন শিক্ষার্থীর দ্বৈত নিবন্ধন হলে ঐ শিক্ষার্থীর নিবন্ধন বাতিল বলে গন্য হবে।

১২। কোন ছাত্র/ছাত্রীর বয়স ১লা জানুয়ারী (পরীক্ষার বছর-২০১৭) ১৪ বছরের কম বা ২০ বছরের বেশী হলে উক্ত ছাত্র/ছাত্রীর নিবন্ধন হবে না।

১৩। যে সকল ছাত্র/ছাত্রীদের নিবন্ধনের লক্ষে On line তথ্য প্রেরণ করা হবে তাদের গ্রুপ/বিষয় কোড সংশোধনের জন্য On line তথ্য প্রেরণের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে বিভাগ পরিবর্তনের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং বিষয় কোড পরিবর্তনের জন্য ৩৫০/-(তিনশত পঞ্চাশ) টাকার ডিডিসহ বিদ্যালয় পরিদর্শকের নিকট আবেদন করতে হবে।

(চলমান পাতা)

নির্ধারিত ফি ও সময়সূচিঃ

ক্রমিকনং	ছাত্র/ছাত্রী প্রতি ফিসের বিবরণ	ফিসের পরিমান
ক)	নিবন্ধন ফি	১০০.০০ টাকা
খ)	ক্রীড়া ফি	৩০.০০ টাকা
গ)	স্কাউট/গার্লস্ গাইড ফি	১৫.০০ টাকা
ঘ)	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	০৫.০০ টাকা
ঞ)	প্রতিবন্ধী ফি(ছাত্র/ছাত্রী)	০৫.০০ টাকা
ট)	রেডক্রিসেন্ট ফি	০৮.০০ টাকা
ঠ)	অন লাইন ফি	০৫.০০ টাকা
	মোট নিবন্ধন ফি	১৬৮.০০ টাকা
ঢ)	বার্ষিক এক কালীন ক্রীড়া মঞ্জুরী ফি (বিদ্যালয় প্রতি)	৩০০.০০ টাকা

১৪। **টিটি করার তারিখ ১৮/০৬/২০১৫ হতে ২৮/০৬/২০১৫ তারিখ পর্যন্ত।**

১৫। esif প্যানেল থেকে TT ফরম Download করে সোনালী ব্যাংকে জমা দিতে হবে।

১৬। **অন লাইনে নিবন্ধন করার (eSIF Data entry পূরনের) তারিখ ঃ ২৮/০৬/২০১৫ তারিখ থেকে ৩০/০৭/২০১৫খ্রিঃ তারিখ পর্যন্ত।**

১৭। eSIF পূরনের নিয়মাবলী www.barisalboard.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৮। নবম শ্রেনীর নিবন্ধনের ক্ষেত্রে নবম শ্রেনীর Pass word ব্যবহার করতে হবে। কোন অবস্থায়ই জেএসসি Pass word ব্যবহার করা যাবে না।।

মোঃ আবুল বশার তালুকদার
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল
অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত
মাধ্যমিক বিদ্যালয়।

স্মারকনং-বশিবো/বিনি/২০১৫/ ০২(৪র্থ খন্ড)/ ৬৬১

তারিখঃ ১৭/০৬/২০১৫/খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্ত, শিক্ষা ভবণ, ঢাকা।
০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/সিলেট/রাজশাহী/চট্টগ্রাম/দিনাজপুর।
০৬। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
০৮। প্রোগ্রামার, কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। জেলা শিক্ষা অফিসার (সকল)..........(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..........(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রাধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।
১১। অত্র বোর্ডের সকল সেকশন অফিসার।
১২। সংরক্ষণ